Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 23 June, 2025

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবদীন ফারুক বলেছেন, সাবেক নির্বাচন কমিশনার নুরুল হুদাকে গ্রেপ্তার করায় আইন-শৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ, তবে যাদের কারণে ভোটাধিকার কেড়ে নেওয়া হয়েছে, তাদেরকেও আইনের আওতায় আনা প্রয়োজন।

সোমবার (২৩ জুন) জাতীয় প্রেসক্লাবের সামনে তৃণমূল নাগরিক আন্দোলনের আয়োজিত এক সমাবেশে তিনি এসব কথা বলেন।ফারুক আরও বলেন, দীর্ঘ ১৬ বছর বিএনপি ও গণতন্ত্রকামী নেতারা আন্দোলন চালিয়ে আসছে, যা সফল হয়ে জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে পরিণত হয়েছে।

তিনি নেতাকর্মীদের সতর্ক করে বলেন, আন্দোলন করার পাশাপাশি জনগণের প্রতি দায়িত্ব পালন করতে হবে, যেন কেউ চাঁদাবাজি বা জমি দখল করতে না পারে।

ফারুক সরকারের প্রতি বলেন, আগামী নির্বাচনে জনগণ সুষ্ঠু ও নিরপেক্ষভাবে ভোট দিয়ে সরকারের নির্বাচন করবে, আর কোনো জোরপূর্বক ক্ষমতা দখল মেনে নেয়া হবে না।তিনি নির্বাচন কমিশনকে সতর্ক করে বলেন, বিতর্কিত পদক্ষেপ করলে নির্বাচনে সমস্যা তৈরি হতে পারে।

সমাবেশে বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট আবদুস সালাম আজাদসহ অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

বিএনপি ভোটাধিকার নির্বাচন কমিশনার নুরুল হুদা নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:57

URL: https://timestodaybd.com/public/national/3576775807